

শ্রীমতী শেখ হাসিনা

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## Press Release

November 22, 2010

### Bangladesh Embassy in Washington DC observes Armed Forces Day

The Embassy of Bangladesh in Washington DC observed the **Armed Forces Day** on 22 November, 2010 with due solemnity and enthusiasm to mark the anniversary of the formation of the **Armed Forces of Bangladesh**. To celebrate the occasion, the Embassy hosted a Reception at the Bangabandhu Auditorium. H.E. Mr. Akramul Qader and **Brigadier General** Mohammad Abdul Moeen, ndc, psc, Defense Attache' welcomed the guests.

Ambassador Qader, in his welcome remarks, paid deep respect to the martyrs including the members of the Armed Forces who had made supreme sacrifices for the independence of the country. Ambassador Qader also paid glowing tribute to the Father of the Nation Bangabandhu **Sheikh Mujibur Rahman** for his contribution to build a modern **armed force** for the newly independent country. Bangladesh Ambassador added that the armed forces of Bangladesh have contributed greatly particularly in the fields of disaster management, infrastructure development and preparation of the computerized National Identity Cards in the country. He recalled the pioneering role of the Bangladesh armed forces under the UN Peace-keeping Missions which brightened the image of Bangladesh abroad. Earlier, the Defense Attache' gave a brief resume on the role of the Bangladesh armed forces since its inception.

On the sideline of the reception, there was a video presentation on the glorious role of the Bangladesh armed forces both in nation-building and in peace-keeping around the world.

A good number of guests attended the event which included Ambassadors, Defense Attaches, members of the **diplomatic corps**, US dignitaries including high officials from **the Pentagon** and State Department, representatives from media, members of the Bangladesh Community and officers of the Mission were also in attendance.

---

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

নভেম্বর ২২, ২০১০

### বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসিতে সশস্ত্র বাহিনী দিবস উদযাপিত

যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে অদ্য ২২ নভেম্বর ২০১০ তারিখে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে বাংলাদেশে সশস্ত্র বাহিনী দিবস পালিত হয়। এ উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের এবং ডিফেন্স এ্যাটাচী ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আবদুল মঈন, এনডিসি, পিএসসি, অভ্যাগত অতিথিদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন।

রাষ্ট্রদূত কাদের তাঁর স্বাগত বক্তব্যে সশস্ত্র বাহিনীর সদস্যসহ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে শহীদ সকলের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশে একটি আধুনিক সশস্ত্র বাহিনী গড়ে তুলতে অবিস্মরণীয় অবদানের জন্য রাষ্ট্রদূত কাদের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, বাংলাদেশ সশস্ত্র বাহিনী প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, অবকাঠামোগত উন্নয়ন এবং কম্পিউটারাইজড জাতীয় পরিচয়পত্র তৈরীতে বিশেষ ভূমিকা পালন করেছে। রাষ্ট্রদূত আরও উল্লেখ করেন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যগণ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অগ্রণী ভূমিকা পালনের মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি বহুলাংশে উজ্জ্বল করেছে। রাষ্ট্রদূতের বক্তব্যের পূর্বে ডিফেন্স এ্যাটাচী সশস্ত্র বাহিনী সৃষ্টির শুরু থেকে এ বাহিনীর ভূমিকা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দেন।

মূল অনুষ্ঠানের পাশাপাশি জাতি গঠনে এবং বিশ্বব্যাপী জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উজ্জ্বল ভূমিকা সম্পর্কে একটি প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে রাষ্ট্রদূত, ডিফেন্স এ্যাটাচী, ডিপ্লোমেটিক কোরের সদস্য, মার্কিন পররাষ্ট্র দপ্তর ও পেন্টাগনের উচ্চ পদস্থ কর্মকর্তা, মিডিয়া প্রতিনিধি, প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশ দূতাবাসের সকল কর্মকর্তা/কর্মচারীসহ অনেক অতিথি উপস্থিত ছিলেন।

---

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)